



LIBERTY

JUSTICE

EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM  
(CPDRS)

WEST BENGAL STATE COMMITTEE

Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013

Mob: 9883717575, 8420094883

Email: cpdrs.india@gmail.com

"অবৈধ অভিবাসী" চিহ্নিত করার নামে দেশজুড়ে বাংলা ভাষাভাষী মানুষের নির্যাতন ও হেনস্থার ঘটনার তীব্র নিন্দা জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (২৭.০৭.২০২৫) এক বিবৃতিতে বলেন,

"অবৈধ অভিবাসীদের চিহ্নিত করার ও তাদের নিজ দেশে ফেরত পাঠানোর সুনির্দিষ্ট সরকারি নিয়ম আছে। এই নিয়মের কোন তোয়াক্কা না করেই, অবৈধ অভিবাসীদের চিহ্নিত করার অবৈধ উপায় অবলম্বন করছে বিজেপি শাসিত রাজ্যগুলির প্রশাসন। গত মে মাস থেকে পুলিশ ও বিজেপি আরএসএস-এর গেঁড়াপো বাহিনী "বাংলাভাষী মানেই বাংলাদেশী" এই ধুয়া তুলে পশ্চিমবঙ্গের বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের উপর অত্যাচার করে চলেছে। তাঁদের সমস্ত বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও জোর করে কাউকে ডিটেনশন ক্যাম্পে আটকে রাখছে, কাউকে দেশের সীমানা পার করে দিচ্ছে। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস অমানবিক অন্যায্য অনৈতিক কাজের তীব্র প্রতিবাদ জানাই।

ভোটের স্বার্থে মানুষে মানুষে বিভেদ সৃষ্টি করা বিজেপি আরএসএস-এর ঘোষিত কর্মসূচি। এক্ষেত্রেও রাজ্যে রাজ্যে তাদের অত্যাচারের শিকার হচ্ছেন অধিকাংশ গরিব মুসলমানরা। সরকার প্রদত্ত সমস্ত ডকুমেন্টস থাকা সত্ত্বেও যেভাবে তাদের মারধর করা হচ্ছে, বন্দুকের নলের মুখে দাঁড় করিয়ে দেশের সীমান্ত পার করে দেওয়া হচ্ছে, তা চূড়ান্ত মানবাধিকার বিরোধী। আমরা গণতন্ত্রপ্রিয় সমস্ত স্তরের মানুষের কাছে এর বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানাই।"

সংবাদদাতা

রাজীব সিকদার

অফিস সম্পাদক